

Md. Shahriar Alam, MP  
State Minister  
মোঃ শাহরিয়ার আলম, এমপি  
প্রতিমন্ত্রী



বাণী

২৬ মার্চ ২০২১

আজ ২৬ মার্চ, আমাদের গৌরবোজ্জ্বল স্বাধীনতা ও জাতীয় দিবস এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে ১৯৭১ সালের এই দিনে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছিলেন। আজকের এ শুভ লগ্নে দেশে ও বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আজকের এ দিনে আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর ডাকে বাঙালি মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। বিনশ্র শ্রদ্ধা জানাই ৩০ লক্ষ শহিদ ও ২ লক্ষ মা-বোনের প্রতি যাঁদের সর্বোচ্চ ত্যাগ ও সম্রমের বিনিময়ে আমাদের লাল-সবুজের স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। সশ্রদ্ধ সালাম রইল যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ সকল মুক্তিযোদ্ধার প্রতি। স্বাধীনতা দিবসের এ শুভক্ষণে গভীর কৃতজ্ঞতা জানাই বিদেশী বন্ধুরাষ্ট্র, প্রবাসী বাঙালিসহ কূটনৈতিক কোরের সদস্যদের প্রতি যাঁরা বাঙালির মুক্তির সংগ্রামে পাশে থেকে সম্ভাব্য সকল সহযোগিতার মাধ্যমে বিজয়কে ত্বরান্বিত করেছিলেন।

পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালি জাতিকে চিরতরে স্তব্ধ করে দিতে ১৯৭১ সালের ২৫ মার্চ নিরস্ত্র বাঙালির ওপর নির্বিচারে গণহত্যা চালিয়েছিল। একান্তরের বীভৎস গণহত্যা শুধু বাংলাদেশের নয়, বিশ্বমানবতার ইতিহাসেও একটি কালো অধ্যায়। এ দিনের স্মরণে বাংলাদেশের মহান জাতীয় সংসদে ২৫ মার্চকে 'জাতীয় গণহত্যা দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ২০১৭ সালে। ২৬ মার্চের প্রথম প্রহরে বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ নামক স্বাধীন সার্বভৌম এদেশটি বিশ্বের মানচিত্রে স্বমহিমায় স্থান করে নেয়। এর আগে ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু তাঁর ঐতিহাসিক ভাষণে ঘোষণা করেন, "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"। নয় মাসের রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে ২৬ মার্চ শুরু হওয়া স্বাধীনতায়ুদ্ধের সফল পরিণতি ঘটে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের মাধ্যমে।

এ বছর আমরা একই সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করছি। এই উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বঙ্গবন্ধু ও বাংলাদেশকে বহির্বিশ্বে তুলে ধরার সুযোগ সৃষ্টি হয়েছে। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল বাংলাদেশকে একটি আধুনিক উন্নত রাষ্ট্রে পরিণত করা। বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে, তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধিশালী দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তনবিষয়ক সমস্যা মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে।

আন্তর্জাতিক পরিমণ্ডলে জাতীয় স্বার্থ সংরক্ষণ ও দেশের ভাবমূর্তি সমুন্নতকরণে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহের নিবেদিতপ্রাণ যে সকল কর্মকর্তা ও কর্মচারী কাজ করছেন তাদের জন্য রইল স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা।

আসুন, আমরা মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে আমাদের স্ব-স্ব অবস্থান থেকে বর্তমান সরকারের উন্নয়ন অভিযাত্রায় অশংগ্রহণ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরও শক্তিশালী করি এবং আমাদের পরবর্তী প্রজন্মের জন্য অধিকতর সুন্দর একটি পৃথিবী বিনির্মাণ করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,  
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি